# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়
## তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)
## নগর সমন্বয় কমিটির (TLCC)'র সভার কার্যবিবরণী
## UGIAP: এডভান্সড পর্যায়

সভাপতি: জনাব রফিকুল আলম, মেয়র, খাগড়াছড়ি পৌরসভা। সভার তারিখ ঃ ২৮/০৯/২০১৬ খ্রি. । সভার স্থান: খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়। সময়: বিকাল- ০৩.০০ টায়। রোজ: বুধবার

সভার উপস্থিতি : ৬ষ্ঠ পৌর পরিষদের ৩য় সভা। (এডভান্সড পর্যায়ের ১ম সভা)
সভার উপস্থিতি পরিশিষ্ট - 'ক' দ্রষ্টব্য।

সভাপতি অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব বেগম পারভীন আক্তার খোন্দকার সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর নিম্নরূপ মতে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী - ১ ঃ বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

| বিগত সভার কার্যবিবরণী পাঠ | কার্যবিবরণী সঠিকভাবে লিখিত হওয়ার বিষয়ে আলোচনা | প্রয়োজনীয় সংশোধন (যদি থাকে) | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরনী পাঠ করেন **জনাব পারভীন আক্তার খোন্দকার, সচিব,** খাগড়াছড়ি পৌরসভা। | কার্যবিবরনী সঠিক আছে। | সংশোধন নেই। | কোন সংশোধন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়। |
| | | | |

**UGIAP সংক্রান্ত:**

১. আলোচ্যসূচী - নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহন।
২. আলোচ্যসূচী - নগর পরিকল্পনা ।
৩. আলোচ্যসূচী - নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠির সমতা ও অর্ন্তভূক্তিকরণ।
৪. আলোচ্যসূচী - স্থানীয় সম্পদ আহরন ও বৃদ্ধি।
৫. আলোচ্যসূচী - আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়ীত্বশীলতা।
৬. আলোচ্যসূচী - প্রশাসনিক স্বচ্ছতা।
৭. আলোচ্যসূচী - বিবিধ।

**ক্ষেত্র - ১ ঃ নাগরিক সচেতনতা ও তাদের অংশগ্রহণ (Citizen Awareness and Participation)**

<table>
<tr><th>ক্রম</th><th>কর্মতৎপরতা</th><th>এডভান্সড<br>পর্যায়ে করণীয়</th><th>পূর্ববর্তী সভার<br>সিদ্ধান্ত/সুপারিশ</th><th>বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/<br>বর্তমান অবস্থা</th><th>পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ<br>(বাস্তবায়নের সময়-সূচীসহ)</th><th>দায়িত্বপ্রাপ্ত<br>ব্যক্তি/কর্মকর্তা</th></tr>
<tr>
<td>১.১</td>
<td>• TLCC গঠন ভিত্তিতে TLCC সভা অনুষ্ঠান করা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা)<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা।<br>• সভার কার্যবিবরণী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরণ করা।</td>
<td>• নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত<br>• আলোচনায় মহিলা ও দরিদ্রসহ সকল সদস্যের অংশগ্রহন নিশ্চিতকরণ<br>• সভার কার্য পত্র প্রণীত ও প্রকাশিত এবং গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করণ</td>
<td>TLCC সভার কার্যবিবরণী প্রস্তুত পূর্বক সদস্যদের মধ্যে বিতরণ সহ আগামী ০৫/১০/২০১৬ এর মধ্যে PMO তে প্রেরণ করা হবে।</td>
<td>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত ও অগ্রগতি পরবর্তী সভায় পর্যালোচনা করা হয়।<br>• পৌরসভা আইন, ২০০৯ এর ১১৫ ধারা অনুসারে গত ১৭/০২/২০১৬ খ্রি.তারিখের ৬ষ্ঠ পৌর পরিষদের ১ম মাসিক অধিবেশনে ৫০ সদস্য বিশিষ্ট TLCC কমিটি গঠন করা হয়।<br>TLCC কমিটি
<table>
<tr><th>পদবী</th><th>সংখ্যা</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>মেয়র</td><td>১ জন</td><td>চেয়ারপার্সন</td></tr>
<tr><td>কাউন্সিলর</td><td>১২ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি</td><td>৮টি</td><td>সদস্য</td></tr>
<tr><td>পেশাজীবি প্রতিনিধি</td><td>৫ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>এনজিও বেসরকারি সংস্থার প্রতিনিধি</td><td>৪ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>নাগরিক সমাজের প্রতিনিধি</td><td>১২ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>নগর দরিদ্র জনগোষ্ঠির প্রতিনিধি</td><td>৭ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>সচিব, পৌরসভা</td><td>১ জন</td><td>সদস্য-সচিব</td></tr>
</table>
• যথাসময়ে TLCC সভা অনুষ্ঠিত হয়। কার্যবিবরণী প্রস্তুত এবং সদস্যদের মধ্যে বিতরণ সহ PMO তে প্রেরণ করা হয়েছে।<br>• ২০/০৯/২০১৬ তারিখ TLCC সভার নোটিশ প্রদান করা হয়।</td>
<td>• TLCC সভার কার্যবিবরণী প্রস্তুত পূর্বক সদস্যদের মধ্যে বিতরণ সহ আগামী ১০/১০/২০১৬ খ্রি. তারিখের মধ্যে PMO তে প্রেরণ করা হবে।</td>
<td>মেয়র/সচিব</td>
</tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>কর্মতৎপরতা</th><th>এডভান্সড<br>পর্যায়ে করণীয়</th><th>পূর্ববর্তী সভার<br>সিদ্ধান্ত/সুপারিশ</th><th>বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/<br>বর্তমান অবস্থা</th><th>পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ<br>(বাস্তবায়নের সময়-সূচীসহ)</th><th>দায়িত্বপ্রাপ্ত<br>ব্যক্তি/কর্মকর্তা</th></tr>
<tr><td></td><td>• WC গঠন/ ত্রৈমাসিক ভিত্তিতে WC সভা অনুষ্ঠান করা।<br>• পূর্ববর্তী সভায় সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা।<br>• সভার কার্যবিবরণী তৈরী ও বিতরণ এবং PMO তে প্রেরণ করা।<br>• ওয়ার্ড কমিটির (WC) সুপারিশ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।</td><td>• নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত<br>• আলোচনায় মহিলা ও দরিদ্রসহ সকল সদস্যের অংশগ্রহন নিশ্চিতকরণ<br>• সভা আয়োজিত ও রেকর্ড সংরক্ষিত এবং পৌরসভাকে অবহিত করণ</td><td>• WC সভা সমূহ যথাসময়ে সম্পাদন করাসহ রিপোর্ট পিএমও তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• ওয়ার্ড কমিটির সদস্যদের সহযোগীতায় প্রতিটি ওয়ার্ডের বাড়ি বাড়ি গিয়ে পৌর কর পরিশোধের বিষয়ে সচেতনতা বৃদ্ধির বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>• সকল ওয়ার্ডের WC সভার সমূহ যথা সময়ে সম্পন্ন করা হয়েছে। কার্যবিবরণী পূস্তত পূর্বক সকল সদস্য কে বিতরণ করাসহ রিপোর্ট প্রেরণ করা হবে।<br>• পৌরসভা আইন, ২০০৯ এর ১৪ ধারা অনুসারে গত ১৭/০২/২০১৬ খ্রি.তারিখের ৬ষ্ঠ পৌর পরিষদের ১ম মাসিক অধিবেশনে ৯টি ওয়ার্ডে ১০ সদস্য বিশিষ্ট ৯টি WC কমিটি গঠন করা হয়।<br>WC কমিটি
<table>
<tr><th>পদবী</th><th>সংখ্যা</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>সংশ্লিষ্ট কাউন্সিলর</td><td>১ জন</td><td>সভাপতি</td></tr>
<tr><td>মহিলা কাউন্সিলর</td><td>১ জন</td><td>সহ-সভাপতি</td></tr>
<tr><td>নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি</td><td>০১ জন মহিলাসহ ০৩ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>নাগরিক সমাজের প্রতিনিধি</td><td>০১ জন মহিলাসহ ০৩ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>পেশাজীবি সংগঠন</td><td>০১ জন মহিলাসহ ০২ জন</td><td>সদস্য</td></tr>
<tr><td>সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী</td><td>১ জন</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
• সভায় সচিব জানান অত্র পৌরসভার ৯টি ওয়ার্ডের WC কমিটির সভা উক্ত সভা সমূহের কার্যবিবরণী পিএমও তে রির্পোটি আকারে প্রেরণ করা হবে ও সদস্যদের মাঝে বিতরণ করা হবে।</td><td>• WC সভার সভা সমূহ যথাসময়ে সম্পাদন করাসহ রিপোর্ট পিএমও তে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• ঈদ-উল-ফিতর উপলক্ষে পৌরসভা কর্তৃক প্রতিনি ওয়ার্ডে বারতি নিরাপত্তা নেওয়াসহ এই বিষয়ে সকল সদস্য কে সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• ভিজিএফ বিতরণের ক্ষেত্রে প্রতিটি ওয়ার্ডে যাতে প্রকৃত দরিদ্র শ্রেণীর নাগরিকবৃন্দ বাদ না যায় সেই বিষয়ে সকল সম্মানিত কাউন্সিলরবৃন্দকে দৃষ্টি দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী।</td></tr>
<tr><td>১.২</td><td>• নাগরিক সনদ (CC) প্রণয়ন ও বাস্তবায়ন<br>• প্রয়োজনীয় সংশোধন ও</td><td>• নাগরিক সনদ প্রণীত এবং TLCC ও পৌরসভা পরিষদ কর্তৃক অনুমোদিত</td><td>• পৌরসভার সম্মুখসহ শহরের পাঁচটি গুরুত্বপূর্ন পয়েন্টে</td><td>• পৌরসভার সম্মুখসহ শহরের পাঁচটি গুরুত্বপূর্ন পয়েন্টে যেমন- পৌর টার্মিনাল, কোর্ট বিল্ডিং চত্বর, চেঙ্গী স্কোয়ার, স্বনির্ভর বাজারে</td><td>• কার্যক্রম অব্যহত রাখা হবে।</td><td>মেয়র/সচিব, MCC গণযোগাযোগ</td></tr>
</table>

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | পরিবর্তন করা।<br>• পরিবর্তন সংযোজনপূর্বক TLCC ও মাসিক সভায় অনুমোদন ও পৌরসভা অফিসে প্রদর্শন করা। | পৌরসভা অফিস ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে নাগরিক সনদ প্রদর্শিত এবং নির্ধারিত সেবা প্রদান | যেমন- পৌর টার্মিনাল, কোর্ট বিল্ডিং চত্ত্বর, চেঙ্গী স্কোয়ার, স্বনির্ভর বাজারে প্রদর্শনীর জন্য স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রদর্শনীর জন্য নাগরিক সনদ স্থাপন করা হয়েছে।<br>• পৌরসভা অফিসে অভ্যর্থনা ও সেবাপ্রদান কেন্দ্র স্থাপন করা হয়েছে। ১ জন পুরুষ ও ১ জন নারী স্টাফ দ্বারা পৌরসভার অভ্যর্থনা কেন্দ্র পরিচালিত হচ্ছে। | | সেলের সভাপতি |
| ১.৪ | • তথ্য ও অভিযোগ প্রতিকার (GRC) সুনিদিষ্ট কার্য পরিধিসহ গঠন/ প্রাপ্ত অভিযোগ নথিভূক্ত ও কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা।<br>• প্রাপ্ত অভিযোগ/ সমাধানকৃত অভিযোগসমূহের বিবরণ পৌর পরিষদের মাসিক ও TLCC এর ত্রৈমাসিক সভায় আলোচনা করা। | • পৌরসভা অফিসে অভিযোগ প্রতিকার বাক্স স্থাপিত<br>• নিয়মানুযায়ী অভিযোগ, প্রতিকার সেল গঠিত<br>• প্রয়োজন অনুযায়ী সভা আয়োজিত, GRC কার্যক্রম TLCC কে অবহিত করণ | • এই কমিটির মাধ্যমে পরবর্তীতে কার্যক্রম অব্যাহত রাখার ও কমিটিকে আরো কার্যকরী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | • চলমান কোর্য়াটারে বিভিন্ন বিষয়ে মোট ৪১টি অভিযোগ পাওয়া যায়। যার মধ্যে নারী অভিযোগকারী ছিলেন-১৯ জন ও পুরুষ অভিযোগকারী ছিলেন-২২ জন। প্রাপ্ত অভিযোগের মধ্যে গুরুত্বপূর্ণ ২৩টি অভিযোগ বাছাই করে নিষ্পন্ন করা হয়। অভিযোগ নিষ্পত্তির জন্য সপ্তাহে দুই দিন ধার্য করার সুপারিশ করা হয়। | • সভাপতি/ প্যানেল মেয়র-০২ এর সভাপতিত্বে প্রতি সপ্তাহের বৃহস্পতিবার Grievance Redress Cell (GRC) এর অভিযোগ বক্স খোলা ও প্রাপ্ত অভিযোগ সমূহ নিষ্পত্তির লক্ষে সপ্তাহে দুই দিন দিন ধার্য্য করার সিদ্ধান্ত গৃহীত হয়। | আহ্বায়ক Grievance Redress Cell (GRC) |

ক্ষেত্র - ২ ঃ নগর পরিকল্পনা (Urban Planning) ও অবকাঠামো উন্নয়ন

| ক্রঃ নং | কর্মতৎপরতা | ইন্টারমিডিয়েট পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ২.১ | • পৌরসভা উন্নয়ন পরিকল্পনা (পিডিপি) প্রণয়ন ও বাস্তবায়ন | • PDP অনুসারে উন্নয়ন কার্যক্রম গৃহীত | • পিডিপি অনুসারে উন্নয়ন কার্যক্রম গৃহীত হচ্ছে। | • সভাপতি জানান পৌর এলাকার প্রতিটি ওয়ার্ডে জন্য গৃহীত উন্নয়ন প্রকল্পের স্কীম সমূহ প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে। এছাড়াও ৩৪টি স্কীম e-gp এর মাধ্যমে দরপত্র আহ্বান করা হয়েছে। যার মধ্যে রাস্তা ১৮ টি, ড্রেন ১৬ টির দরপত্র আহ্বান করা হয়েছে। | • পিডিপি অনুসারে উন্নয়ন কার্যক্রম গৃহীত হবে।<br>• প্রকল্প অফিস কর্তৃক নির্দেশনা অনুযায়ী সকল উন্নয়নমূলক কাজ বাস্তবায়ন করা হবে। | |
| ২.২ | • উন্নয়ন কার্যক্রম নিয়ন্ত্রণ | • নগর পরিকল্পনা ইউনিট চলমান রাখা<br>• কমপক্ষে ৬০% ইমারত নির্মাণ/পুণঃনির্মাণ ভূমি উন্নয়ন কার্যক্রমে নিয়ন্ত্রন আরোপিত<br>• সরকারি জমিতে (নদী, খাল, খাস জমি ইত্যাদি) অবৈধ প্রবেশের ফল্গ্রসু নিবারণ কার্যকর | • প্ল্যান অনুমোদন বিহীন কোন নির্মাণ কাজ পরিচালনা না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• পূর্বে নির্মিত অবকাঠামো সমূহ প্ল্যানের আওতায় আনার বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | • ১৭/০২/২০১৬খ্রি. তারিখে নগর পরিকল্পনা ইউনিট পুনঃগঠন করা হয়।<br>• সভায় সচিব জানান, জুলাই-সেপ্টেম্বর ২০১৬ কোয়ার্টার এ ২৩ টি প্ল্যান এর আবেদন পাওয়া গেছে। ১৯টি অনুমোদন দেয়া হয়েছে এবং ৪টি অনুমোদনের প্রক্রিয়াধীন রয়েছে। | • প্ল্যান অনুমোদন বিহীন কোন নির্মাণ কাজ পরিচালনা না করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• পূর্বে নির্মিত অবকাঠামো সমূহ প্ল্যানের আওতায় আনার বিষয়ে পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২.৩ | • বাজেট বরাদ্দ সহ বার্ষিক Operation & Maintenance (O & M) কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করা। | • O & M Plan প্রস্তত, অনুমোদিত, বাস্তবায়িত এবং পৌরসভার ওয়েবসাইটে প্রকাশিত<br>• প্রতি বছর কমপক্ষে ৫% বাজেট বরাদ্দ বৃদ্ধি | • বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | • O & M খাতে মহিলা কলেজ সড়ক, বিজিবি সড়ক, পানখাইয়া পাড়া সড়ক, নয়নপুর সড়ক, হাসপাতাল সড়ক, কুমিল্লাটিলা সড়ক, মুক্ত মঞ্চ এরিয়া, কুমিল্লাটিলা আর্তমানব সড়কের কাজ চলছে। | • কোয়ার্টারলি কার্যক্রমের পরিকল্পনা পৌরসভার ওয়েবসাইট এ প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র/ সচিব/প্রকৌশল বিভাগ/হিসাব রক্ষক |

## ক্ষেত্র- ৩ ঃ নারী ও শহুরে দরিদ্র জনগোষ্ঠীর সমতা ও অন্তর্ভুক্তিকরণ (Equity and Inclusiveness of Women and Urban Poor)

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কর্মতৎপরতা</th><th>ইন্টারমিডিয়েট পর্যায়</th><th>পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ</th><th>বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)</th><th>পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)</th><th>দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা</th></tr>
<tr><td>৩.১</td><td>• জেন্ডার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠন ও সক্রিয় রাখা (সূত্র ঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)<br>• GAP বাস্তবায়নে মাসিক সভা অনুষ্ঠান, কার্য বিবরণী প্রস্তুত ও বিতরণ এবং বাস্তবায়নের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন নিয়মিত PMO-তে প্রেরণ।<br>• GAP বাস্তবায়নে পরবর্তী কোয়ার্টারের কর্মপরিকল্পনা উপস্থাপন, আলোচনা ও রেকর্ডকরণ (বক্তার নামসহ);<br>• এ TLCC সভায় GAP এর আলোচনার বাইরেও নারী সদস্য কর্তৃক আলোচিত গুরুত্বপূর্ণ বক্তব্য বক্তার নামসহ রেকর্ডকরণ ।</td><td>• আলোচ্য বিষয় ও কার্যবিবরণী প্রস্তুত ও প্রকাশসহ নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত<br>• কার্যক্রম ও দায়-দায়িত্বসহ GAP TLCC কর্তৃক অনুমোদিত<br>• রাজস্ব বাজেট হতে তহবিল বরাদ্দ করে পরিকল্পনা অনুযায়ী GAP কার্যক্রম বাস্তবায়িত</td><td>জেন্ডার কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম হাতে নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• ১৭-০২-২০১৬খ্রি. তারিখের বর্তমান পৌর পরিষদের প্রথম সভায় পৌর আইন অনুসারে ও প্রকল্পের নির্দেশীকা অনুযায়ী নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি পুনঃগঠন করা হয়।<br>নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি<table><tr><th>নাম</th><th>পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr><tr><td>বেগম সালেহা রহমান</td><td>কাউন্সিলর ১ নং সংরক্ষিত আসন</td><td>সভাপতি</td></tr><tr><td>জনাব রফিকুল আলম</td><td>মেয়র, পদাধিকার বলে</td><td>সদস্য</td></tr><tr><td>জনাবা সুইনাংচিং মারমা</td><td>কাউন্সিলর ৩ নং সংরক্ষিত আসন</td><td>সদস্য</td></tr><tr><td>বেগম শাহিদা আক্তার</td><td>কাউন্সিলর ২ নং সংরক্ষিত আসন</td><td>সদস্য</td></tr><tr><td>জনাব আবদুল মজিদ</td><td>কাউন্সিলর ৫ নং ওয়ার্ড সাধারণ আসন</td><td>সদস্য</td></tr></table># জনাব প্রভাত তালুকদার, সহকারী কর আদায়কারী (ভাঃ), খাগড়াছড়ি পৌরসভা, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।</td><td>• কমিটির নিয়মিত কার্যক্রম পরিচালিত হচ্ছে। চলমান কোয়ার্টারের ৯টি ওয়ার্ডে ১৮টি উঠান বৈঠন সম্পাদন করা হয় মর্মে সদস্য সচিব সভায় অবগত করেন। উক্ত উঠান বৈঠক সমূহে মেয়র মহোদয় কাউন্সিলর বৃন্দ সহ উপস্থিত ছিলেন। এছাড়াও GAP এর আওতায় সেলাই ও কম্পিউটার প্রশিক্ষণ কর্মসূচী অনুষ্ঠিত হচ্ছে।<br>• ২০১৬-২০১৭ অর্থ বছরের জুলাই-সেপ্টেম্বর কোর্যাটারের GAP এর বাজেট রাখা হয়েছে ৭ (সাত) লক্ষ টাকা।<br>• ২০১৬-২০১৭ অর্থ বছরের জুলাই-সেপ্টেম্বর কোর্যাটারের GAP এর বাজেট অনুযায়ী খরচ করা হয়েছে = ২,৬১,৯৮৪/- লক্ষ টাকা।</td><td>• জেন্ডার কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখা হবে।<br>• প্রতি কোয়ার্টারের জন্য উঠান বৈঠক সমূহ যথাসময়ে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• বাজেট অনুযায়ী নতুন নতুন উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ার পার্সন এবং সাচিবিক দায়িত্ব প্রাপ্ত নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি</td></tr>
<tr><td>৩.২</td><td>• দারিদ্র হ্রাসের কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য দারিদ্র হ্রাস ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (PRAP)</td><td>• আলোচ্য বিষয় এবং কার্যবিবরণী প্রস্তুত ও প্রকাশসহ নিয়মিত ব্যবধানে সভা আয়োজিত</td><td>• বিগত ১৭-০২-২০১৬খ্রি. তারিখে বর্তমান পৌর পরিষদের প্রথম সভায় পৌর আইন অনুসারে ও প্রকল্পের নির্দেশীকা অনুযায়ী দরিদ্র নিরসন ও</td><td>• পুনঃ গঠিত কমিটি দায়িত্ব পাওয়ার পর থেকে নিয়মিত মাসিক সভা করা হচ্ছে। প্র্যাপ কমিটির আওতায় বিভিন্ন</td><td>• প্র্যাপ কমিটির আওতায় শিক্ষা অনুদান চলামান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
</table>

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>কর্মতৎপরতা</th><th>ইন্টারমিডিয়েট পর্যায়</th><th>পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ</th><th>বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত)</th><th>পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ)</th><th>দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা</th></tr>
<tr><td></td><td>(নির্ধারিত নির্দেশিকা অনুযায়ী) গঠন ও সক্রিয় রাখা (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা)</td><td>• কার্যক্রম ও দায়-দায়িত্বসহ PRAP TLCC কর্তৃক অনুমোদিত<br>• রাজস্ব বাজেট হতে তহবিল বরদ্দ করে পরিকল্পনা অনুযায়ী PRAP বাস্তবায়ন</td><td>বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি (PRAP) পুনঃ গঠন করা হয়। কমিটি নিম্নরূপঃ
<table>
<tr><th>নাম</th><th>পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>জনাব মো. আনোয়ার হোসেন</td><td>কাউন্সিলর ৬ নং ওয়ার্ড সাধারণ আসন</td><td>সভাপতি</td></tr>
<tr><td>জনাব রফিকুল আলম</td><td>মেয়র, পদাধিকার বলে</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাবা সুইনাংচিং মারমা</td><td>কাউন্সিলর ৩ নং সংরক্ষিত আসন</td><td>সদস্য</td></tr>
<tr><td>বেগম সালেহা রহমান</td><td>কাউন্সিলর ১ নং সংরক্ষিত আসন</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাব মো. মাসুম রানা</td><td>কাউন্সিলর ২ নং ওয়ার্ড সাধারণ আসন</td><td>সদস্য</td></tr>
<tr><td>জনাব আবদুল আজিজ আকন্দ</td><td>দরিদ্র শ্রেণীর প্রতিনিধি ২ নং ওয়ার্ড (পুরুষ)</td><td>সদস্য</td></tr>
<tr><td>বেগম হাজেরা খাতুন</td><td>দরিদ্র শ্রেণীর প্রতিনিধি ৬ নং ওয়ার্ড (মহিলা)</td><td>সদস্য</td></tr>
<tr><td>নির্বাহী প্রকৌশলী</td><td>নির্বাহী প্রকৌশলী</td><td>সদস্য</td></tr>
<tr><td>LCDA ( Community ) UGIIP-III</td><td>LCDA ( Community ) UGIIP-III</td><td>সদস্য</td></tr>
</table>
# জনাব আবু তাহের, বস্তি উন্নয়ন কর্মকর্তা (ভাঃ), খাগড়াছড়ি পৌরসভা, দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।</td><td>প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এই কমিটির আওতায় প্রকল্পের নির্দেশনা মোতাবেক অত্র পৌর এলাকার বস্তি সমূহে জরীপ কার্যক্রম করা হয়েছে এবং প্রতিবেদন প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে।<br>• ২০১৬-১৭ অর্থ বছরে বাজেট রাখা হয়েছে ৪৬ লক্ষ টাকা ।<br>• ২০১৬-১৭ অর্থ বছরে বাজেট অনুযায়ী জুলাই-সেপ্টেম্বর কোর্য়াটারে PRAP বাবদ খরচ হয়েছে =৫,৬৩,০০০/-টাকা।</td><td>• বাজেট অনুযায়ী নতুন নতুন উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td></td></tr>
<tr><td>৩.৩</td><td>• বস্তি উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য বস্তি উন্নয়ন কমিটি (Slum Improvement Commitee-SIC) গঠন</td><td>• নির্বাচিত বস্তিতে SIC গঠিত<br>• নিয়মিত ভাবে SICর সভা আয়োজিত<br>• SIC'র সকল সদস্যের সক্রিয় অংশগ্রহনের মাধ্যমে বস্তি</td><td>• প্রকল্প কর্তৃক পরবর্তী নির্দেশনা পাওয়ার পর উক্ত বস্তি সমূহের উন্নয়নে কাজ করা হবে।<br>• ০৯টি ওয়ার্ডের ০৭টি বস্তি বর্তমান অবস্থার সচিত্র প্রতিবেদন প্রকল্প অফিসে</td><td>• উক্ত বস্তি সমূহে ১৩৬টি প্রাথমিক দল (Primary Group-PG) গঠন ও ৭টি বস্তি উন্নয়ন কমিটি (Slum Improvement</td><td>• প্রকল্প কর্তৃক পরবর্তী নির্দেশনা পাওয়ার পর উক্ত বস্তি সমূহে উন্নয়ন মূলক কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>চেয়ার পার্সন এবং সদস্য সচিব প্র্যাপ স্টিয়ারীং কমিটি</td></tr>
</table>

| ক্রঃ নং | কর্মতৎপরতা | ইন্টারমিডিয়েট পর্যায় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা (সর্বশেষ মাস পর্যন্ত) | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | উন্নয়ন কার্যক্রম বাস্তবায়িত | প্রেরণ করা হয়েছে।<br>● সভায় সচিব জানান ইতিমধ্যে পৌর এলাকার ১৪টি বস্তির মধ্যে প্রকল্প কর্তৃক অনুমোদন প্রাপ্ত ৭টি বস্তি যথাক্রমে;<br>বস্তির নাম - ওয়ার্ড নং<br>বৃহত্তর শালবন - ০৬<br>কুমিল্লাটিলা - ০২<br>কলেজগেইট - ০২<br>মুসলিম পাড়া - ০৩<br>কালাডেবা - ০৯<br>সিঙ্গিনালা - ০১<br>ফুটবিল - ০৯ | Commitee-SIC) গঠন করে সভার কাজ সম্পন্ন পূর্বক কার্যবিবরণী প্রকল্প অফিসে প্রেরণ করা হয়।<br>● জুলাই-সেপ্টেম্বর মাসে কমিটির ২১টি সভা করা হয়েছে। | | |

**ক্ষেত্র - ৪ ঃ স্থানীয় সম্পদ আহরন ও বৃদ্ধি (Enhancement of Local Resource Mobilization)**

| ক্রঃ নং | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৪.১ | ● হোল্ডিং ট্যাক্স এর মাধ্যমে রাজস্ব আহরণ | ● প্রতি পাঁচ বছর পর পর নিয়মিত কর নির্ধারণ যদি প্রযোজ্য হয় এবং নিয়ম অনুযায়ী প্রতি বছর কর নির্ধারণ সম্পন্ন<br>● বকেয়াসহ হোল্ডিং ট্যাক্স সংগ্রহ বৃদ্ধি (কমপক্ষে চাহিদার ৮০%)<br>● প্রধান কর খেলাপকারীদের বিরুদ্ধে গৃহীত কার্যক্রম | ● পৌর কর আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য লিফলেট আকারে এবং ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে জনগণকে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>● ট্যাক্স আদায়ের রিপোর্ট যথাসময়ে পিএমও তে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ● পৌর আইন অনুযায়ী ৫ বছর পর মেয়াদ পূর্ণ হওয়ায় রি-এসেসমেন্ট কার্যক্রম ২০১৬-২০১৭ শুরু করা হয়েছে। প্রাথমিক পর্যায়ে ০৮ নং ওয়ার্ডে (ঙ)-ফরম বিলির কাজ সম্পাদন করা হয়েছে।<br>● ২৫-২৬/০৯/২০১৬ খ্রি. তারিখে UGIIP প্রকল্পের ট্যাক্স এন্ড ফাইনান্স এক্সপার্ট জনাব সাইফুর রহমান খাগড়াছড়ি পৌরসভায় রি-এসেসমেন্ট সংক্রান্ত কার্যক্রম সরজমিনে পরিদর্শন এবং পরামর্শ প্রদান করেন।<br>● আগামী ০১/১০/২০১৬ খ্রি. তারিখ হতে ৫টি টিমে বিভক্ত হয়ে ১২ জন মাঠ কর্মী নিয়োগের | ● পৌর কর নিরুপন বিধিমাল ২০১৩ অনুসারে রি-এসেসমেন্ট কার্যক্রম রিভিউ সহ যথাসময়ে যথাযথভাবে সম্পাদন করা হবে এবং ডাটা এন্ট্রির কাজ ২০১৭ সালের জুন এর মধ্যে সম্পাদনের যাবতীয় ব্যবস্থা নেয়া হবে।<br>● ১লা জুলাই ২০১৭ সাল থেকে ২০১৬-২০১৭ অর্থ বছরে পৌর এলাকায় রি-এসেসমেন্টকৃত সকল হোল্ডিং এ পৌর কর বিলি করা হবে। | কর নিরুপন ও আদায় কমিটি,এসেসর,সহকারী এসেসর, সহকারী কর আদায়কারীবৃন্দ |

| ক্রঃ নং | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | | | মাধ্যমে (অস্থায়ী) রি-এসেসমেন্ট কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু করা হবে। এ বিষয়ে মাঠ কর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>● রি-এসেসমেন্ট কার্যক্রম পৌর এলাকায় প্রতিটি ওয়ার্ডে বাস্তবায়ন করার বিষয়ে সভাপতি সকল টিএলসিসি সদস্যদের সার্বিক সহযোগিতা কামনা করেন। | ● আগামী অক্টোবর-ডিসেম্বর ২০১৬ কোয়ার্টার এ পৌর করের বিল বিলি এবং কর আদায় সংক্রান্ত যাবতীয় প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। | |
| ৪.২ | ● পরোক্ষ কর এবং ফি আদায়ের মাধ্যমে রাজস্ব আহরণ ( হোল্ডিং ট্যাক্স ব্যতীত) | ● বকেয়াসহ পরোক্ষ কর, ট্যাক্স, ফিস, ভাড়া এবং ইজারার টাকা নির্ধারণ ও সংগ্রহ বৃদ্ধি (কমপক্ষে বার্ষিক অফিসিয়াল মুদ্রাস্ফীতির সমপরিমাণ) | ● আদায় বৃদ্ধির লক্ষ্যে টিএলসিসি সদস্যগণ সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ● পরোক্ষ কর এবং ফি খাতে=৮২,৮৯,৫৬৬/- টাকা আদায় হয়েছে। | ● পরোক্ষ কর আদায় আরো বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | **কর নিরুপন ও আদায় কমিটি,এসেসর,সহকারী এসেসর, সহকারী কর আদায়কারীবৃন্দ** |
| ৪.৩ | ● কম্পিউটারাইজড ট্যাক্স (কর) রেকর্ড ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারের মাধ্যমে বিল প্রণয়ন | ● কম্পিউটারাইজড ডাটাবেজ হালনাগাদ করণ<br>● কম্পিউটারাইজড ট্যাক্স বিল উৎপাদিত এবং গ্রাহকগণের নিকট সরবরাহকৃত | সচিব জানান, পৌরসভায় কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা চালু আছে এবং ভবিষ্যতেও কম্পিউটারাইজড ট্যাক্স রেকর্ড ব্যবস্থা চলমান থাকবে। | ● এ বিষয়ে কার্যক্রম অব্যাহত আছে। | ● এ বিষয়ে কার্যক্রম অব্যাহত থাকবে এবং কম্পিউটারাইজ ব্যবস্থাকে আরও উন্নত করার ব্যবস্থা গ্রহণ করা হবে। | **সচিব** |

**ক্ষেত্র - ৫ ঃ আর্থিক ব্যবস্থাপনা, দায়বদ্ধতা ও স্থায়িত্বশীলতা- (Financial Management, Accountability and Sustainability)**

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৫.১ | • অর্থ ও সংস্থাপন স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে পৌরসভার বার্ষিক বাজেট প্রণয়ন (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | • নাগরিকবৃন্দ ও TLCCর মন্তব্য ও পরামর্শ অনুযায়ী আনুমানিক বাজেট পরিবর্তিত<br>• পৌরসভা পরিষদ কর্তৃক বার্ষিক বাজেট অনুমোদিত এবং পৌর ওয়েবসাইটে প্রকাশিত | • এই কমিটির আওতায় আগামী অর্থ বছরের জন্য খসড়া বাজেট প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• সরবরাহকারী নিয়োগ ও কোটেশনের মাধ্যমে অত্রাফিসের বিদ্যুৎ, ষ্টেশনারী, কঞ্জারভেন্সী মালামাল ক্রয়ের জন্য সুপারিশ করা হয়। | • পৌর আইন অনুসারে ও প্রকল্প নির্দেশীকা অনুযায়ী অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির মাধ্যমে বিগত ৩১-০৫-২০১৬খ্রি. তারিখ ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেট উপস্থাপন ও অনুমোদন করা হয়। ৩১/৫/২০১৬ খ্রি. তারিখের টিএলসিসি বাজেট সংক্রান্ত বিশেষ সভায় উপস্থাপন ও অনুমোদন করা হয়। গত ৩১/৫/২০১৬ খ্রি. তারিখের ৪র্থ তম মাসিক অধিবেশনে উপস্থাপন ও অনুমোদন করা হয়।<br>• ৩০/৬/২০১৬ খ্রি. তারিখ সকল স্থায়ী কমিটি, TLCC, WC কমিটি, পৌরসভার সুশীল সমাজের নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দের উপস্থিতিতে উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়।<br>• পৌরসভার ওয়েব সাইটে ***http://khagracharipourashava.gov.bd*** এ বাজেটের পূর্ণাঙ্গ কপি প্রকাশ করা হয়েছে। | • বাজেট অনুযায়ী পৌরসভার দাপ্তরিক, উন্নয়নমূলক ও অন্যান্য কার্যক্রম গৃহীত হচ্ছে। | অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটি, প্রশাসন বিভাগ |
| ৫.২ | • অডিট এন্ড একাউন্টস স্থায়ী কমিটিকে সম্পৃক্ত করে হিসাবের অডিট (নিরীক্ষা) সম্পন্ন করা। (সূত্রঃ পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | • বার্ষিক আয়-ব্যয় বিবরণী প্রস্তুত<br>• বছরে একবার হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি কর্তৃক নিরীক্ষার কাজ সম্পাদন ও নিরীক্ষা প্রতিবেদন প্রণীত স্থায়ী কমিটি কর্তৃক প্রণীত নিরীক্ষা প্রতিবেদন TLCC ও পৌর পরিষদে উপস্থাপন এবং ৩ মাসের মধ্যে PMOর নিকট প্রেরিত | • কমিটির মাধ্যমে বিভিন্ন বিল ভাউচার যাচাই বাছাই পূর্বক অডিট সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | • কমিটি বিগত ২৭/৯/২০১৬ খ্রি. তারিখে সভা করেন। অত্রাফিসের স্মারক নং-খাঃপৌঃকাঃ/৪৯৪ তারিখঃ ২০/৬/২০১৬ খ্রি. মূলে কমিটিকে ৩০ সেপ্টেম্বর ২০১৬ এর মধ্যে অভ্যন্তরিন নিরীক্ষা সম্পাদন সহ কমিটির সভায় পৌরসভার সকল আয়-ব্যয়ের হিসাবপত্র যথাযথভাবে সংরক্ষণ করা, সকল প্রকার আদায় ও জমার হিসাব যাচাই করা, সরকারী বিধি মোতাবেক যাবতীয় হিসাব পরিচালনা করার বিষয়ে আলোচনা হয়। | • কমিটির কার্যক্রম সমূহ কার্যবিবরনী ও সুপারিশ সহ পরিষদের মাসিক অধিবেশনে উপস্থাপন করা হবে<br>• নিরীক্ষা প্রতিবেদনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সুপারিশ করা হয়। | |

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৫.৩ | ● কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থার প্রবর্তন এবং কম্পিউটারে প্রস্তুতকৃত হিসাব প্রতিবেদন প্রণয়ন | ● কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থা প্রবর্তিত | ● কার্যক্রম অব্যহত থাকবে। | ● কম্পিউটারের মাধ্যমে হিসাব ব্যবস্থা কার্যক্রম অব্যাহত রয়েছে। | ● কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫.৪ | ● বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধ | ● বর্তমান ও বকেয়া বিদ্যুৎ ও টেলিফোন বিল পরিশোধিত (৯০% বিল পরিশোধিত এবং সংশ্লিষ্ঠ কর্তৃপক্ষের নিকট হতে সনদ সংগৃহীত) | ● নিয়মিত বিদ্যুৎ বিল ও টেলিফোন বিল পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ● নিয়মিত বিদ্যুৎ বিল ও টেলিফোন বিল পরিশোধ করা হয়।<br>● এই কোয়ার্টারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে বিল পরিশোধের সনদ সংগ্রহের জন্য পৌরসভার পক্ষ হতে পত্র দেওয়া হয়েছে। এছাড়া জুলাই-সেপ্টেম্বর'১৬ কোয়ার্টারের মধ্যে সর্বশেষ আগষ্ট ২০১৬খ্রি. মাস পর্যন্ত বিদ্যুৎ বিল ও জুন ২০১৬খ্রি. মাস পর্যন্ত টেলিফোন বিল পাওয়া গেছে এবং টেলিফোন বিল বাবদ পরিশোধ করা হয়েছে ১৩,১৯০/- টাকা ও বিদ্যুৎ বিল বাবদ পরিশোধ করা হয়েছে ১,৮৭,৩১০/- টাকা। | ● নির্ধারিত সময়ের মধ্যে রিপোর্ট পিএমও তে প্রেরণ করা হবে। | |
| ৫.৫ | ● স্থায়ী সম্পদের তালিকা প্রণয়ন, স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা, স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন। | ● স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করণ<br>● সম্পদের ভাড়া ও ইজারার মূল্য বৃদ্ধি ও হালনাগাদ করণ<br>● স্থায়ী সম্পদের ডাটাবেজ প্রণীত ও ব্যবহৃত<br>● স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তিত | ● পরবর্তী টিএলসিসি সভায় স্থায়ী সম্পত্তির হালনাগাদ তথ্যাদি উপস্থাপন করা হবে। | ● স্থায়ী সম্পদের তালিকা হালনাগাদ করা হয়েছে। স্থায়ী সম্পদের জন্য রেজিস্টার খোলা হয়েছে। স্থায়ী সম্পদের জন্য ডাটাবেজ তৈরী এবং স্থায়ী সম্পদের অবচয়ের হিসাব প্রবর্তন করা হবে। | ● স্থায়ী সম্পত্তির হালনাগাদ তথ্যাদি কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫.৬ | ● সকল সরকারি ঋণ পরিশোধ করা | ● কমপক্ষে ৯০% GoB/BMDF এর ঋণ পরিশোধিত এবং বকেয়া অপরিশোধিত ঋনের জন্য নতুন মেয়াদ নির্ধারিত | আলোচনা হয়নি। | ● বিএমডিএফ প্রকল্পের কার্যক্রম চালু হয়েছে। এই প্রকল্প হতে গৃহীত ঋণ যথাসময়ের মধ্যে পরিশোধ করা হবে। | ● ঋণ সমূহ যথা সময়ের মধ্যে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

ক্ষেত্র - ৬ ঃ প্রশাসনিক স্বচ্ছতা (Administrative Transparency)

| ক্রম | কর্মতৎপরতা | এডভান্সড পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৬.১ | স্থায়ী কমিটি গঠন ও কার্যকর রাখা (সূত্র: পৌরসভা আইন, ২০০৯ এর ৫৫ ধারা) | • নির্ধারিত ব্যবধানে SCর সভা আয়োজিত<br>• সভার আলোচ্য বিষয় এবং কার্যবিবরণী প্রস্তুত ও TLCCকে অবহিত করণ | • কমিটির কার্যবিবরণী পিএমও অফিসে প্রেরণ করা হবে। | • গুরুত্বপূর্ন স্থায়ী কমিটি সমূহ ৬ষ্ঠ পৌর পরিষদের গত ১৭/০২/২০১৬ খ্রি. তারিখের ১ম মাসিক অধিবেশনে গঠন করা হয়েছে।<br>• স্থায়ী কমিটি সমূহের সভার সুপারিশসমূহ আলোচনা করা হয়। আগামী মাসিক অধিবেশনের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | • স্থায়ী কমিটির সভার সুপারিশের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। | মেয়র ও সচিব |
| ৬. ২ | সকল প্রশিক্ষণ কর্মসূচী বাস্তবায়নে অংশগ্রহণ ও সহায়তা প্রদান নিশ্চিতকরণ | • সকল প্রশিক্ষণ কর্মসূচীতে অংশগ্রহন নিশ্চিতকরণ<br>• পৌরসভার নিজস্ব বাজেট হতে প্রশিক্ষণ কর্মসূচীর পরিকল্পনা ও বাস্তবায়ন | • পরবর্তী যে কোন প্রশিক্ষণের নির্দেশনা পেলে অংশ গ্রহণ করা হবে | • টিএলসিসি এর সদস্যবৃন্দকে কমিটির কার্যক্রমের উপর পৌরসভায় প্রশিক্ষণ দেয়া হয়েছে।<br>• প্রকৌশলগণকে ইজিপির বিষয়ে প্রকল্প অফিসে প্রশিক্ষণ দেয়া হয়েছে।<br>• এডভান্সড পর্যায়ে প্রকল্পের করণীয় বিষয়াদি সম্পর্কে মেয়র, সচিব এবং নির্বাহী প্রকৌশলীকে প্রকল্প অফিসের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | • পরবর্তী যে কোন প্রশিক্ষণের নির্দেশনা পেলে অংশ গ্রহণ করা হবে।<br>• প্রকল্প নির্ধারিত প্রশিক্ষণ সমূহে অংশগ্রহণ নিশ্চিত করা হবে। | মেয়র ও সচিব |
| ৬. ৩ | সুশাসনের জন্য উন্নত তথ্য প্রযুক্তি/ICTব্যবহার (সূত্র: পৌরসভা আইন, ২০০৯ এর ৫৪ ধারা) | • পৌরসভার ওয়েবসাইট সক্রিয় ও ব্যবহৃত<br>• সংশ্লিষ্ট সকল তথ্য আপলোড এবং নিয়মিত হালনাগাদকৃত | • | • পৌরসভার ওয়েবসাইট: *http://khagracharipourashava.gov.bd/* সকল তথ্য নিয়মিত আপলোড এবং হালনাগাদ করা হয়।<br>• পৌরসভার ওয়েব পোর্টাল *http://www.paurainfo.gov.bd/*<br>• পৌরসভার ফেইসবুক পেইজ: *https://web.facebook.com/mayor.khagracharimunicipality/*<br>• এছাড়াও পৌরসভায় মন্ত্রণালয় নির্দেশনা মোতাবেক পৌর ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়েছে এবং সেবা প্রদান করা হচ্ছে। | • এ কার্যক্রমসমূহে আরও উন্নত করা হবে। | |

ক্ষেত্র - ৭ ঃ পৌরসভার প্রয়োজনীয় সেবা সচল রাখা (Keeping Essential Pourashava Services Functional)

| ক্রম | কর্মতৎপরতা | ইন্টারমিডিয়েট পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| ৭.১ | • বর্জ্য সংগ্রহ, অপসারণ এবং ব্যবস্থাপনা | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>• মূল এলাকায় বর্জ্য নিয়মিত সংগৃহীত এবং নিরাপদ স্থানে অপসারিত<br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | • মাসিক কর্মপরিকল্পার ভিত্তিতে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • ঈদ-উল-আযহার ১৫ (পনের) দিন পূর্বে পৌরসভায় কন্ট্রোল রুম খোলা হয়েছে।<br>• বর্জ্য সুনির্দিষ্ট স্থানে রাখা ও নির্দিষ্ট স্থানে কোরবানীর পশু জবেহ করণের বিষয়ে মাইকিং, পোস্টার ও হ্যান্ডবিল, স্থানীয় টিভি ক্যাবল নেটওয়ার্কের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা নেয়া হয়েছে।<br>• জুমার নামাজে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য পৌর এলাকার সকল মসজিদের ইমামদের চিঠি ও হ্যান্ডবিলের মাধ্যমে সম্পৃক্ত করা হয়েছে।<br>• প্রত্যেক সম্মানীত ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ স্ব স্ব ওয়ার্ডে সুনির্দিষ্ট পশু জবেহ স্থানের বর্জ্য অপসারণের জন্য বিশেষ সেচ্ছাসেবক টিম গঠন করা হয়েছে।<br>• কোরবানীর বর্জ্য দ্রুত অপসারণের জন্য পরিস্কার পরিচ্ছন্নতা শাখার সকল কর্মচারীদের উপস্থিতি নিশ্চিত করে কর্মবন্টন করা হয় এবং সে অনুযায়ী ব্যবস্থা নেয়া হয়েছে।<br>• বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম সমূহ | • বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম মাসিক পরিকল্পনার ভিত্তিতে বাস্তবায়ন করা এবং পরিষ্কার পরিচ্ছন্নতা কাজে উন্নত প্রযুক্তির ব্যবহারের পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করা হবে। | সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক, কাউন্সিলরবৃন্দ, সচিব, কঞ্জারভেন্সী শাখা। |

| ক্রম | কর্মতৎপরতা | ইন্টারমিডিয়েট পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | | | সুচারুভাবে সম্পাদনের জন্য ৫০ টি নতুন ঝুড়ি ডাস্টবিন এবং ৩০ টি হ্যান্ডট্রলি বিতরণ করা হয়েছে। | | |
| ৭.২ | • ড্রেন পরিষ্কার ও রক্ষণাবেক্ষণ | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>• নিয়মিত প্রাইমারী ড্রেন পরিষ্কার<br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | • মাসিক কর্মপরিকল্পার ভিত্তিতে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • নিয়মিতভাবে পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান রয়েছে।<br>• গৃহীত পরিকল্পনা অনুযায়ী ৭,৫,৮,৪, ৬ ও ২ নং ওয়ার্ডে ড্রেণ পরিষ্কার করা হয়েছে। এই খাতে ৫৪,০০,০০০/- টাকা বাজেট ধরা হয়েছে।<br>• মোট = ২৩,৬৭,৩৩২/- টাকা এ খাতে খরচ করা হয়েছে। | • মাসিক পরিকল্পনার ভিত্তিতে কার্যক্রম পরিচালনা করা এবং প্রতিটি ওয়ার্ডে মাস্টার ড্রেন নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কাউন্সিলরবৃন্দ, প্রকৌশল বিভাগ, সচিব, কঞ্জারভেন্সী শাখা। |
| ৭.৩ | • সড়ক বাতি কার্যকর রাখার ব্যবস্থা। | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>• ৯০% সড়কে বাতি কার্যকর<br>• TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | • বাজেট বরাদ্দের ভিত্তিতে কার্যকর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • সভাপতি বলেন, সেপ্টেম্বর-অক্টোবর ২০১৬ কোয়ার্টার এ ০৯টি ওয়ার্ডে ৫৯৮ টি সড়ক বাতি নতুন স্থাপন করা হয়েছে।<br>• এছাড়াও আগামী কোয়ার্টার এর জন্য ১১০০টি নতুন এনার্জি লাইট ক্রয় করা হয়েছে।<br>• যে সকল স্ট্রিট সোলার লাইট অকেজো হয়ে আছে, সেগুলো নতুন করে মেরামত করা হবে। | • সড়ক বাতি কার্যকর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• পর্যায়ক্রমে সড়কবাতি আরো বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কাউন্সিলরবৃন্দ ও বিদ্যু শাখা |
| ৭.৪ | • অবকাঠামো ও স্থাপনা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ, Mobile Maintenance Team গঠন এবং কার্যকারি করণ | • বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>• অগ্রাধিকার O&M কার্যক্রম বাস্তবায়িত<br>• মোবাইল মেইনটেন্যান্স টিম | • টিমের মাধ্যমে কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | • মোবাইল মেইনটেন্যান্স টিম গঠন করা হয়েছে। এই খাতে ৩৫,০০০০০/- টাকা বাজেট ধরা হয়েছে। | • প্রয়োজন অনুযায়ী পৌর এলাকার সকল ওয়ার্ডে Mobile Maintenance এর মাধ্যমে কাজ বাস্তবায়ন করা হবে। | মেয়র, সংশ্লিষ্ট কাউন্সিলর, প্রকৌশল বিভাগ |

| ক্রম | কর্মতৎপরতা | ইন্টারমিডিয়েট পর্যায়ে করণীয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/ বর্তমান অবস্থা | পরবর্তী করণীয়/সিদ্ধান্ত/সুপারিশ (বাস্তবায়নের সময়-সূচীসহ) | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|---|---|
| | | কার্যকর<br>● TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | | | | |
| ৭.৫ | স্যানিটেশন কার্যক্রমের ব্যবস্থাপনা। | ● বাজেট বরাদ্দ সহ কর্মপরিকল্পনা বাস্তবায়িত<br>● পাবলিক টয়লেট কার্যকর ও পরিষ্কার<br>● ফেকাল স্লাজ ব্যবস্থাপনা শুরু<br>● TLCCর সন্তুষ্টির মাত্রা যাচাই | কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ● সভাপতি বলেন, পৌরসভার আয়ের সকল সীমাবদ্ধাতার মধ্যেও পৌর এলাকার বিভিন্ন ওয়ার্ডের দরিদ্র পরিবারের মাঝে স্যানিটেশন ব্যবস্থা জোরদার করার লক্ষ্যে রিং ও স্ল্যাব বিতরণ করা হয়েছে।<br>● কিন্তু পৌর এলাকার বস্তি এলাকা সমূহে স্যানিটেশন ব্যবস্থার ব্যাপক চাহিদা রয়েছে। তা পর্যায়ক্রমে পূরণ করা হবে। এই খাতে ২,০০,০০০/- টাকা বাজেট ধরা হয়েছে। | ● রাজস্ব স্বচ্ছলতার সাপেক্ষে এ বিষয়ে আরো কর্মসূচি নেওয়া হবে এবং প্রকল্প কর্তৃক বরাদ্দ পেলে জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, সচিব ও প্রকৌশল বিভাগ। |

| ক্রম | টিএলসিসি সদস্যদের<br>পৌরসভার কার্যক্রম সমূহ সম্পর্কে মতামত/পরামর্শ/সুপারিশ | সভাপতির বক্তব্য | সভার সিদ্ধান্ত/সুপারিশ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১. | **জনাব মো. মনিরুল ইসলাম,**<br>**সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি-সমাজসেবা বলেন,**<br>খাগড়াছড়ি শহর সমতলের অন্যান্য শহরের তুলনায় খুবই পরিষ্কার পরিচ্ছন্ন ও সতেজ অক্সিজেন সমৃদ্ধ শহর। এ শহরকে পর্যটন মুখী করার বিষয়ে তিনি পৌর প্রশাসনের গৃহীত বিভিন্ন পদক্ষেপের প্রশংসা করেন। তিনি স্থাপনা নির্মাণের ক্ষেত্রে ও পৌরসভার উন্নয়ন মূলক কার্যক্রম সমূহে প্রতিবন্ধীদের বিশেষ ব্যবস্থা রাখার সুপারিশ করেন। | সভাপতি বলেন, প্রতিবন্ধীদের বিভিন্ন সুবিধা প্রদানের বিষয়ে পৌরসভা খুবই আন্তরিক। আমাদের দেশে জনসংখ্যার একটা উল্লেখ্যযোগ্য অংশ প্রতিবন্ধী। এদেরকে অবহেলা করে উন্নয়ন ইপ্সিত উন্নয়ন অসম্ভব। তিনি বলেন, পৌরসভা নতুন পৌর ভবনে প্রতিবন্ধীদের যাতায়াতের জন্য বিশেষ ব্যবস্থা রাখা হয়েছে। এছাড়াও রাস্তা সম্প্রসারণের ক্ষেত্রে সাইক্লিং রো এবং প্রতিবন্ধীদের চলাচলের ব্যবস্থা রাখার বিষয়ে পৌরসভার পরিকল্পনা রয়েছে। | ১। প্রতিবন্ধীদের বিভিন্ন সুবিধা প্রদানের বিষয়ে পৌরসভা খুবই আন্তরিক। আমাদের দেশে জনসংখ্যার পৌরসভার গৃহীত উন্নয়ন মূলক কার্যক্রম সমূহে প্রতিবন্ধীদের জন্য বিশেষ সুবিধা প্রদানের বিষয়টি নিশ্চিত করা হবে।<br>২। রাস্তা সম্প্রসারণের ক্ষেত্রে সাইক্লিং রো এবং প্রতিবন্ধীদের চলাচলের ব্যবস্থা রেখে উন্নয়ন মূলক কাজ সমূহ সম্পাদন করা হবে। | মেয়র,<br>প্রশাসন বিভাগ ও প্রকৌশল বিভাগ |

| ক্রম | টিএলসিসি সদস্যদের<br>পৌরসভার কার্যক্রম সমূহ সম্পর্কে মতামত/পরামর্শ/সুপারিশ | সভাপতির বক্তব্য | সভার সিদ্ধান্ত/সুপারিশ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | | | |
| ১. | **জনাব মাইনুল ইসলাম,**<br>**Regional Co-ordinator-IT UGIIP-III প্রকল্প অফিস, ঢাকা,** UGIIP-III প্রকল্পের কার্যক্রম সমূহ সম্পর্কে উপস্থিত সকলকে ধারনা দেন। তিনি প্রকল্পের কার্যক্রম সমূহ সর্ম্পকে সকলকে আরও স্পষ্ট ধারনা রাখার জন্য অনুরোধ করেন। | সভাপতি বলেন, UGIIP-III প্রকল্পের কার্যক্রম সমূহ বিষয়ে কাউন্সিলরবৃন্দ, টিএলসিসির সদস্যবৃন্দকে ধারনা দেওয়ার জন্য প্রকল্প অফিস হতে বিভিন্ন সময় প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। সম্প্রতি এ বিষয়ে টিএলসিসি সদস্যদেরও পৌরসভা অফিসে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ১। পৌরসভায় বাস্তবায়িত UGIIP-III প্রকল্পের কার্যক্রম সমূহ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সম্যক ধারনা রাখতে হবে। | মেয়র, কাউন্সিলর, টিএলসিসি সদস্য (সকল), সচিব |
| ২. | **জনাব মো. শাহ আলম,**<br>**কাউন্সিলর ০৩ নং ওয়ার্ড ও সদস্য টিএলসিসি কমিটি** Regional Co-ordinator-IT UGIIP-III কে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং তিনি প্রকল্প কার্যক্রম সমূহের বিষয়ে আরোও প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন। | সভাপতি বলেন, প্রকল্প অফিস হতে দেয়া মডিউল, বিভিন্ন চিঠি-পত্র, সভার কার্যবিবরণী সমূহ সকলকে খুব ভালোভাবে স্ট্যাডি করতে হবে। যাতে করে সংশ্লিষ্ট সকলেই প্রকল্প কার্যক্রম সর্ম্পকে সু-স্পষ্ট ধারনা রাখতে পারে। | ১। প্রকল্প অফিস হতে দেয়া মডিউল, বিভিন্ন চিঠি-পত্র, সভার কার্যবিবরণী সমূহ সংশ্লিষ্ট সকলকে পর্যাপ্ত পরিমাণে সরবরাহ করা হবে। | সচিব ও সংশ্লিষ্ট অন্যান্য |
| ৩. | **জনাব পরিমল দেবনাথ,**<br>**কাউন্সিলর ০৮ নং ওয়ার্ড ও সদস্য টিএলসিসি কমিটি** বলেন, ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস ও পবিত্র ঈদ উল আযহা উপলক্ষ্যে বর্জ্য অপসারন কন্ট্রোল রুমের মাধ্যমে সফলতার সাথে সম্পাদন করা হয়েছে। তিনি বলেন, বর্জ্য অপসারনের বিষয়ে কোন অভিযোগ থাকলে তা সরাসরি আবর্জনা অপসারন ও হস্তান্তর বিষয়ক কমিটির সভাপতির কাছে ফোন করার অনুরোধ করেন। | সভাপতি বলেন, ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস, পবিত্র ঈদ উল আযহা ও অন্যান্য সরকারি দিবস/ বিষয় সমূহ সর্বোচ্চ গুরুত্ব দিয়ে উদযাপন করা হয়েছে। এছাড়া ইতিমধ্যে আমার বর্জ্য ব্যবস্থাপনাকে কার্যক্রমকে আরোও বেগবান ও উন্নত দেশে ব্যবহৃত প্রযুক্তিকে ব্যবহার এ পৌরসভায় ব্যবহারের পরিকল্পনা করছি। ৫০টি নতুন ঝুড়ি ৩০টি হ্যান্ডট্রলি বর্জ্য ব্যবস্থাপনর জন্য ক্রয় করা হয়েছে। এছাড়াও আধুনিক মানের নতুন ৫০টি বড় ডাস্টবিন ক্রয় করা হবে। | ১। বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম সমূহকে যথাযথভাবে সম্পাদনের জন্য সর্বোচ্চ গুরুত্ব দেয়া হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৪. | **জনাব আবদুল আউয়াল**<br>**নাগরিক সমাজ প্রতিনিধি ও সদস্য টিএলসিসি কমিটি** পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম ও উন্নয়ন মূলক কার্যক্রম নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন। তিনি পর্যটকদের দৃষ্টি আকর্ষন করার জন্য চেঙ্গী নদীর কোল ঘেসে নান্দনিক ব্রীজ , রাস্তা, বসার স্থান এবং চেঙ্গী পাড়ে বীচ নির্মাণ জন্য প্রস্তাব রাখেন। পর্যটন এলাকা হিসেবে খাগড়াছড়িতে প্রচন্ড বিদ্যুৎ সমস্যা বিদ্যমান। বিদ্যুৎ বিভ্রাটের কারনে পর্যটকরা হোটেল/মোটেল সমূহে চরম পানি সমস্যায় পড়ছে যা এ শিল্পের জন্য হুমকি স্বরূপ। | সভাপতি বলেন, সম্মানীত টিএলসিসি সদস্য জনাব আব্দুল আউয়াল এর প্রস্তাব সমূহ পৌর প্রশাসনের মাসিক অধিবেশনে অনুমোদন ও যাচাই বাছাই এর পর বাস্তবায়নের ব্যবস্থা নেয়া হবে।<br>বিদ্যু সমস্যার বিষয়টি আশু সমাধানের জন্য কার্যক্রম চলছে। আশা করা যাচ্ছে ২০১৭ সালের মধ্যে এর একটা সমাধানে আসা সম্ভব হবে। | ১। চেঙ্গী নদীর কোল ঘেসে নান্দনিক ব্রীজ, রাস্তা, বসার স্থান এবং চেঙ্গী পাড়ে বীচ নির্মাণ প্রস্তাবটি যাচাই বাছাই করে পিডিপিতে অর্ন্তভূক্ত করে বাস্তবায়নের ব্যবস্থা নেয়া হবে। | প্রকৌশল বিভাগ |

| ক্রম | টিএলসিসি সদস্যদের<br>পৌরসভার কার্যক্রম সমূহ সম্পর্কে মতামত/পরামর্শ/সুপারিশ | সভাপতির বক্তব্য | সভার সিদ্ধান্ত/সুপারিশ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ৫. | **খালেদা বেগম**<br>**নাগরিক সমাজ প্রতিনিধি ও সদস্য টিএলসিসি কমিটি** নিউজিল্যান্ড এলাকায় একটি পার্ক স্থাপন করার প্রস্তাব দেন এবং তিনি পর্যটন এলাকা হিসেবে এ অঞ্চলে নতুন নতুন পর্যটন স্পট স্থাপনের জন্য পরামর্শ প্রদান করেন। | সভাপতি বলেন, IUIDP প্রকল্পের মাধ্যমে নিউজিল্যান্ড রাস্তা সম্প্রসারণ ও সংস্কার এর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রকল্পের কাজ শুরু হলে বাস্তবায়ন করা হবে। | ১। নিউজিল্যান্ড এলাকায় একটি পার্ক স্থাপন করার প্রস্তাবটি প্রয়োজনীয় যাচাই বাছাই করে ব্যবস্থা নেয়া হবে। | প্রকৌশল বিভাগ |
| ৬. | **জনাব রিন্টু তালকুদার**<br>**নাগরিক সমাজ প্রতিনিধি ও সদস্য টিএলসিসি কমিটি** মধুপুর বাজার-শিশু সদন-বৌদ্ধ বিহার-ব্যাটালিয়ন সড়ক সংস্কার এবং মধুপুর এলাকায় কালভার্ট ও ড্রেণ সমূহ সংস্কার করার প্রস্তাব দেন। তিনি মধুপুর এলাকায় বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম জোরদার করার অনুরোধ করেন। | সভাপতি বলেন, মধুপুর এলাকায় বর্জ্য ব্যবস্থাপনা কার্যক্রম জোরদার করা হবে। মধুপুর বাজার-শিশু সদন-বৌদ্ধ বিহার-ব্যাটালিয়ন সড়ক সংস্কার করার বিষয়ে প্রকৌশলীগণকে নির্দেশনা প্রদান করেন। | ১। মধুপুর বাজার-শিশু সদন-বৌদ্ধ বিহার-ব্যাটালিয়ন সড়ক সংস্কার করার বিষয়ে প্রকৌশলীগণ ব্যবস্থা নিবেন। | প্রকৌশল বিভাগ |
| ৭. | **জ্যোতি প্রভা তালুকদার, রাহেলা বেগম, হাজেরা বেগম**<br>**নগর দরিদ্র জনগোষ্ঠীর প্রতিনিধি ও সদস্য টিএলসিসি কমিটি** বলেন, পূজা উপলক্ষ্যে চলমান প্রকল্পের কাজ সমূহ বিশেষ করে মন্দির মুখি রাস্তা সমূহ দ্রুত সম্পাদন করা হলে জনগণের চলাচলের সুবিধা হবে। | সভাপতি এ বিষয়ে প্রকৌশলীগণকে ব্যবস্থা নেয়ার নির্দেশ প্রদান করেন। | ১। বিভিন্ন ওয়ার্ডে চলমান প্রকল্পের কাজ সমূহ দ্রুত সম্পাদন করার বিষয়ে প্রকৌশলীগণ ব্যবস্থা নেবেন। | প্রকৌশল বিভাগ |
| ৮. | **সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি-জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রতিনিধি ও সদস্য টিএলসিসি কমিটি বলেন,**<br>জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানীয় জলের ব্যবস্থা করার দায়িত্ব থাকলেও বিদ্যুৎ সমস্যার কারনে নিয়মিতভাবে পানীয় জলের ব্যবস্থা করা সম্ভব হচ্ছে না। | সভাপতি স্বনির্ভর বাজারে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্প সম্পর্কে জানাতে চান। তিনি পৌর এলাকায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক সংযোগকৃত গ্রাহক সংখ্যা, বিল আদায়/অনাদায়ের পরিমাণ, পানি সরবরাহের পদ্ধতি সম্পর্কে জানতে চান। তিনি পানি সরবরাহ আধুনিকায়নের ক্ষেত্রে মিটার ব্যবস্থা চালুর বিষয়ে গুরুত্বারোপ করেন। | ১। পানি সরবরাহের ব্যবস্থা আধুনিকায়ন করা সহ পৌরসভাকে হস্তান্তর করা প্রস্তাব রাখা হয়। | জনাব প্রদীপ কুমার<br>সহযোগী প্রতিষ্ঠান -জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর প্রতিনিধি ও সদস্য টিএলসিসি কমিটি |
| ৯. | **জনাব এডভোকেট জসিম উদ্দিন মজুমদার**<br>**পেশাজীবি প্রতিনিধি-আইনজীবি ও সদস্য টিএলসিসি কমিটি** নিউজিল্যান্ড সড়কের দুপাশে গাছ লাগানোর প্রস্তাব করেন। পৌর এলাকায় রাস্তার পাশে থাকা ড্রেনেজ ব্যবস্থা সমূহ অবৈধ্য দখল মুক্ত রাখার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার অনুরোধ করেন। | সভাপতি বলেন, রাস্তার পাশে পার্কি করে রাখা যানবাহন সমূহ নির্দিষ্ট স্থানে পার্কিং এর ব্যবস্থা নেয়া হবে। | ১। রাস্তার পাশে পার্কি করে রাখা যানবাহন সমূহ নির্দিষ্ট স্থানে পার্কিং এর ব্যবস্থা নেয়া হবে। | প্রকৌশল বিভাগ |
| ১০. | **হাজী লিয়াকত আলী সওদাগর**<br>**পেশাজীবি প্রতিনিধি-ব্যবসায়ী ও সদস্য টিএলসিসি কমিটি** বলেন, খাগড়াছড়ি পৌরসভা একটি নান্দনিক কনফারেন্স রুম নির্মাণ করায় তিনি মেয়র, খাগড়াছড়ি | সভাপতি বলেন, এ শহরের দীর্ঘ দিনের বিদ্যুৎ সমস্যা সমাধানে গৃহীত পদক্ষেপের সুসফল পাওয়ার জন্য পৌরবাসীকে আরোও অপেক্ষা করতে হবে। | | |

| ক্রম | টিএলসিসি সদস্যদের<br>পৌরসভার কার্যক্রম সমূহ সম্পর্কে মতামত/পরামর্শ/সুপারিশ | সভাপতির বক্তব্য | সভার সিদ্ধান্ত/সুপারিশ | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | পৌরসভাকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন। বিদ্যুৎ এর দুরাবস্থার জন্য তিনি ক্ষোভ প্রকাশ করে মেয়র এর সমন্বয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। | আশা করা যাচ্ছে ২০১৭ সালের মধ্যে এর একটি স্থায়ী সমাধান হবে। | | |
| ১১. | **জনাব মো. ফরিদ**<br>**নাগরিক সমাজ প্রতিনিধি ও সদস্য টিএলসিসি কমিটি** অত্র এলাকায় বিদ্যুৎ ঘাটতির জন্য ক্ষোভ প্রকাশ করেন। চাহিদা অনুপাতে অতিরিক্ত টমটমকে বিদ্যুৎ ঘাটতির কারন হিসেবে উল্লেখ করেন। চেঙ্গী ব্রীজ হতে পৌরসভা সম্মুখে ব্রীজ হয়ে গঞ্জপাড়া ব্রীজ পর্যন্ত নদী খনন করে পর্যটন স্পট নির্মাণের প্রস্তাব দেন। শালবন এলাকায় রাস্তা সম্প্রাসরণ, ড্রেণ ব্যবস্থা করণ ও অতিরিক্ত অটোরিক্সা বন্ধের প্রস্তাব রাখেন। | সভাপতি বলেন, এ বিষয়ে পরিষদের মাসিক অধিবেশনে আলোচনা পূর্বক ব্যবস্থা নেয়া হবে। | | প্রকৌশল বিভাগ |
| ১২. | **জনাব সবুজ চাকমা,**<br>**সহযোগী প্রতিষ্ঠানের প্রতিনিধি-সড়ক ও জনপথ অধিদপ্তর(সওজ) বলেন**, পৌরসভার সাথে সওজ উন্নয়ন মূলক কার্যক্রম সমূহ সম্পাদনের আন্তরিকভাবে সহযোগিতা করে যাচ্ছে। বিশেষ করে সড়ক বিভাগের রাস্তা হওয়া সত্ত্বেও জনস্বার্থে ও উন্নয়নের কথা বিবেচনা করে জিয়া চত্ত্বর হতে চেঙ্গী স্কোয়ার পর্যন্ত রাস্তা প্রশস্ত করণ, মাষ্টার ড্রেণ কাজটির পৌরসভার বিএমডিএফ প্রকল্পের মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। তিনি বলেন খাগড়াছড়িতে সড়ক বিভাগের ৪০০ কি.মি. রাস্তা রয়েছে। শাপলা চত্ত্বর হতে খাগড়াপুর পর্যন্ত রাস্তা প্রশস্ত করণের জন্য ইতিমধ্যে মেয়র মহোদয় প্রস্তাব দিয়েছেন। এ বিষয়ে ইতিমধ্যে প্রয়োজনীয় প্রস্তুতি নেয়া হচ্ছে। কিন্তু বাস্তবায়নের ক্ষেত্রে দীর্ঘ সময় লাগতে পারে। তিনি পৌর এলাকায় বিদ্যমান অবৈধ্য স্থাপনা সমূহ উচ্ছেদ পূর্বক রাস্তা প্রশস্তকরণ কাজ সহজ করার বিষয়ে সভাপতির সহযোগিতা কামনা করেন। তিনি বলেন, মেয়র মহোদয়ের প্রস্তাব অনুযায়ী জুরিন্দা ব্রীজ নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হয়েছে। আশা করা যাচ্ছে উক্ত কাজটি দ্রুত বাস্তবায়ন করা সম্ভব হবে। | সভাপতি সহযোগী প্রতিষ্ঠান সড়ক ও জনপথ অধিদপ্তর(সওজ) প্রতিনিধিকে উত্থাপিত উন্নয়ন মূলক কাজ সমূহের অগ্রগতি সর্ম্পকে সভায় অবহিত করায় ধন্যবাদ জানান। | ১। উক্ত কাজসমূহ সড়ক ও জনপথ অধিদপ্তর(সওজ) এর মাধ্যমে বাস্তবায়ন করা সম্ভব না হলে UGIIP প্রকল্পের মাধ্যমে বাস্তবায়নের জন্য পিডিপিতে অর্ন্তভূক্তি করা হবে। | প্রকৌশল বিভাগ |

**# সচিব বলেন,** জুলাই-সেপ্টেম্বর ২০১৬ কোয়ার্রটার এ পৌরসভা জঙ্গীবাদ/সন্ত্রাসবাদ নিরসনে কমিটি গঠন এবং জনসচেতনতা বৃদ্ধি মূলক নানা কর্মকান্ড সম্পাদন করেছে। এছাড়াও ল্যাকটেটিং মাদার কর্মসূচির আওতায়

৭৫০ জন মাকে ভাতা প্রদানে জন্য নির্বাচন করা হয়েছে। যথাযোগ্য মর্যাদায় ১৫ আগষ্ট ২০১৬ জাতীয় শোক দিবস পালন করা হয়েছে। জাতীয় কর্মসূচি সাথে সঙ্গতি রেখে ঈদ গাহ মাঠে খত্মে কোরআন, মিলাদ কিয়াম, দোয়া মাহ্ফিল, প্রায় ৬,০০০ জনসাধারনের অংশগ্রহণ ও মধ্যাহ্নভোজ/কাঙ্গালিভোজ খাবার বিতরণ করা হয়েছে। পৌর এলাকার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থান, সড়কদ্বীপ এ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বক্তব্য সম্বলিত বিভিন্ন উক্তি, প্রতিকৃতি, শোক পতাকা, ব্যানার দ্বারা সজ্জিত করা হয়েছে এবং পৌরসভার সেলাই প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ প্রাপ্ত ১০ জন নারীদেরকে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। ভোক্তা অধিকার সংরক্ষণের জন্য সকল প্রকার ব্যবসায়ীদের সাথে মত বিনিময় সভা করা হয়েছে। পর্যটন শিল্পের বিকাশের জন্য হোটেল/মোটেল ব্যবসায়ীদের সাথে মতবিনিময় সভা করা হয়েছে। ঈদ উল ফিতর ও ঈদ উল আযহা উপলক্ষ্যে যথাযথভাবে ভিজিএফ খাদ্য শস্য বিতরণ করা হয়েছে। প্রাকৃতিক দুর্যোগকালীন সময়ে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে অতিরিক্ত ৫.০০ মেট্রিক টন খাদ্য শস্য বিতরণ করা হয়েছে। টিএলসিসি সদস্যদের কমিটির কার্যক্রমের বিষয়ে পৌরসভায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া প্রকল্প নির্ধারিত সকল প্রকার প্রশিক্ষণে মেয়র, সচিব ও প্রকৌশলীগণ অংশগ্রহণ করেছেন। তিনি আরও বলেন, পৌরসভার নিজস্ব অর্থায়নে অসহায়, দুস্থ, প্রতিবন্ধী, গৃহহীন মানুষদের মাঝে আবাসনের ব্যবস্থা করার জন্য কুমিল্লাটিলা এলাকায় ১০.০০ (দশ) লক্ষ টাকা ব্যয়ে ১.০০ একর জায়গা ক্রয় করা হচ্ছে। এ বিশাল কর্মকান্ড মেয়র মহোদয়ের আন্তরিক প্রচেষ্টা, নিরলস শ্রমের মাধ্যমে আমরা পৌরসভা প্রতিনিয়ত এগিয়ে চলছে। তিনি পৌরসভার অগ্রযাত্রায় সকল টিএলসিসি সদস্যদের আরও সক্রিয় অংশগ্রহণের আহ্বান জানান।

**# <u>সভাপতির সমাপনী বক্তব্য;</u>** বিগত ৫ম পরিষদের দায়িত্ব ভার গ্রহণের পর থেকে বর্তমান পর্যন্ত আমরা আন্তরিকভাবে চেষ্টা করে যাচ্ছি নানামুখী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে পৌরবাসীর আর্থসামাজিক, জীবনযাত্রার মান উন্নয়নের জন্য। কুমিল্লাটিলা এলাকায় পৌরসভার অর্থায়নে ক্রয়কৃত ভূমিতে ৩৬টি ঘর নির্মানের মাধ্যমে গৃহহীন, অসহায়, ভাসমান, প্রতিবন্ধী, দুস্থ মানুষের পুর্নবাসনের ব্যবস্থা নেয়া হচ্ছে। পৌরসভার আয় বর্ধনের পাশাপাশি পর্যটকদের দৃষ্টি আর্কষনের জন্য বাজার এলাকায় আধুনিক মানের কপি হাউজ নির্মাণ কাজ চলমান রয়েছে। এছাড়াও পর্যটকদের সুবির্ধার্থে বিভিন্ন টুরিস্ট স্পট এ গাড়ি ভাড়া নির্ধারন করে ব্যানার লাগানো হয়েছে। পৌরসভার বিশাল ব্যয় ভার বহনের জন্য নানামুখি আয় বর্ধক প্রকল্প হাতে নেয়ার পরিকল্পনা নেয়া হয়েছে। ডিপিএইচই এর সমন্বয়ে বিদ্যমান পানি সরবরাহের পাশাপাশি, মহিলা কলেজ সংলগ্ন, পৌরসভার সম্মুখে, খাদ্য গুদাম যাত্রী চাউনীর পাশে, মাছ-মাংস বাজারের পাশে সুপেয় পানির ব্যবস্থা করা হচ্ছে। খাগড়াছড়ির বিদ্যুৎ সমস্যা নিরসনের লক্ষ্যে ঠাকারছড়ার মহালছড়া এলাকায় বিদ্যুতের সাব-স্টেশন নির্মাণের কাজ চলছে। আশা করা যাচ্ছে বিদ্যুৎ এর দুরাব্যবস্থার আশু সমাধান হবে। তিনি আরও বলেন, ৫ম পরিষদের দায়িত্বে গ্রহণ থাকাকালীন সময়ে পৌরসভা কোন উন্নয়ন প্রকল্পে অর্ন্তভূক্ত ছিল না। কিন্তু বর্তমানে পৌরসভা জাতীয় পর্যায়ে সফল UGIIP-III প্রকল্প চলমান রয়েছে। এছাড়াও BMDF, IUIDP প্রকল্পের অধীনে কাজ চলছে। এছাড়াও WASH প্রকল্পের আওতায় পৌরসভায় স্যানিটেশন ব্যবস্থার ব্যাপক পরিবর্তন আনা হবে। তিনি TLCC-সকল সদস্যদেরকে বর্জ্য ব্যবস্থাপনা, লাইটিং, চলমান উন্নয়ন মূলক কাজ সরজমিনে পরিদর্শন সহ যে কোন অভিযোগ সভাপতি/সচিব/সংশ্লিষ্টদেরকে অবহিত করার জন্য অনুরোধ করেন। তিনি ড্রেনে টয়লেটের সংযোগ না দেয়ার পাশাপাশি সকল প্রকার স্থাপনা নির্মাণের ক্ষেত্রে পৌরসভার অনুমোদন গ্রহণের বিষয়ে সকলকে স্ব স্ব ওয়ার্ডে সচেতন করার বিষয়ে TLCC-সকল সদস্যদেরকে অনুরোধ করেন।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় এ পৌরসভাকে আধুনিক, পর্যটনমুখী, পরিবেশবান্ধব, যানজটমুক্ত, জনবান্ধব, পরিচ্ছন্ন একটি মডেল পৌরসভা হিসেবে হিসেবে গড়ে তুলার লক্ষ্যে সকলের সহযোগীতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত**
**(রফিকুল আলম)**
**মেয়র**
**খাগড়াছড়ি পৌরসভা**

**স্মারক নং-খাঃ পৌঃ কাঃ/ টি-এল-সি-সি কমিটি/ ............/........../২০১৬খ্রিঃ** **তারিখঃ**

**<u>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে ঃ</u>**

১. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প (UGIIP-III)
এলজিইডি ভবন লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৪. টিম লিডার GICD, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর ) প্রকল্প (UGIIP-III)
এলজিইডি ভবন লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৫. উপ-পরিচালক, রিজিওনাল মিউনিসিপ্যাল সার্পোট ইউনিট, এলজিইডি, চট্টগ্রাম।
৬. জনাব/ বেগম......................................................................................................................................................সন্মানীত সদস্য, TLCC কমিটি, খাগড়াছড়ি পৌরসভা।
৭. জনাব/বেগম ...................................................................................................................................................... খাগড়াছড়ি পৌরসভা।
৮. অফিস কপি।

**স্বাক্ষরিত**
(পারভীন আক্তার খোন্দকার)
সচিব
খাগড়াছড়ি পৌরসভা